অজি প্রধানমন্ত্রীর সামনেই

অস্ট্রেলিয়ায় হিন্দু মন্দির ভাঙার নিন্দা মোদির

নয়াদিল্লি, ১০ মার্চ: অস্ট্রেলিয়ায় হিন্দু মন্দির ভাঙচুর নিয়ে এবার সরব হলেন খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। একাধিকবার অস্ট্রেলিয়ায় মন্দির ভাঙচুরের ঘটনা উঠে এসেছে শিরোনামে। খলিস্তানপন্থী স্লোগানও তোলা হয়েছিল। এমন ঘটনাকে দুঃখজনক বলেই ব্যাখ্যা করলেন প্রধানমন্ত্রী।

উল্লেখ্য, জানুয়ারি ও ফেব্রুয়ারির মধ্যে একাধিকবার অস্ট্রেলিয়ার মন্দিরে ভাঙচুরের ঘটনা ঘটেছে। ভিক্টোরিয়া প্রদেশের শিব বিষ্ণু মন্দিরে হামলা চালানো হয়। এছাড়াও মেলবোর্নের মিল পার্ক এলাকায় স্বামী নারায়ণ মন্দিরেও ভাঙচুরের ঘটনা ঘটে। মেলবোর্নের অ্যালবার্ট পার্ক এলাকায় ইসকন মন্দিরের দেওয়াল লিখনে দেখা গিয়েছিল 'খলিস্তান জিন্দাবাদ' স্লোগান। সব মিলিয়ে খলিস্তানপন্থীদের হাতে বারবার ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দু মন্দির।

সম্প্রতি ভারত সফরে এসেছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টোনি আলবানিজ। তাঁর সামনেই শুক্রবার এই বিষয়টি উত্থাপন করেন মোদি। পাশাপাশি তিনি এও জানান, অস্ট্রেলিয়ার মাটিতে ভারতীয়দের নিরাপত্তার বিষয়টি সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছেন অ্যান্টোনি। এদিন যৌথ সাংবাদিক বৈঠকে মোদি বলেন, 'অত্যন্ত অনুতাপের বিষয় যে গত কয়েক সপ্তাহে একাধিকবার অস্ট্রেলিয়ায় মন্দির ভাঙচুরের খবর এসেছে। বিষয়টি অজি প্রধানমন্ত্রীকে জানিয়েছি। তিনি বলেছেন, অস্ট্রেলিয়ায় যাতে ভারতীয়দের কোনও সমস্যা না হয়, তা গুরুত্ব সহকারে দেখা হবে।'

এর পাশাপাশি দ্বিপাক্ষিক ব্যবসা থেকে লগ্নি, প্রতিরক্ষা- সব ক্ষেত্রেই সম্পর্ক আরও জোরদার করা নিয়ে দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে আলোচনা হয়েছে। মোদি বলেন, 'দুই দেশের মধ্যে নিরাপত্তার সমঝোতা নিয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি বিশ্বব্যাপী সরবরাহের শৃঙ্খলাও শক্তিশালী করা নিয়ে কথা হয়।'

মুম্বইয়ের ফিল্ম সিটিতে আগুন

মুম্বই, ১০ মার্চ: মুম্বইয়ের ফিল্ম সিটিতে একটি স্টুডিয়োয় আগুন। শুক্রবার বিকেলে গোরেগাঁওয়ের ফিল্ম সিটির স্টুডিয়োটিতে যখন আগুন লাগে তখন সেখানে একটি সিরিয়ালের শুটিং চলছিল। অগ্নিকাণ্ডের খবর পেয়ে ছুটে যায় দমকল। আগুনে স্টুডিয়োর বিরাট অংশ পুড়ে গেলেও হতাহতের কোনও খবর নেই। মুম্বইয়ের গোরেগাঁওতে রয়েছে একাধিক স্টুডিয়ো। বছরের বেশির ভাগ দিনই সেই সব স্টুডিয়োয় দিনরাত চলে শুটিং। শুক্রবার বিকেলে তেমনই এক স্টুডিয়োতে চলছিল দৈনিক সিরিয়াল 'গুম হ্যায় কিসি কে প্যার মে'-র শুটিং। কাজ চলাকালীনই সেখানে আগুন লেগে যায়। দমকা হওয়ায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে আশপাশে। দমকল সূত্রে খবর, বিকেল সাড়ে চারটে নাগাদ তাঁরা অগ্নিকাণ্ডের খবর পান। তার পর শুরু হয় আগুন নেভানোর কাজ। দমকল সূত্রে খবর, আগুন স্টুডিয়োর অন্যান্য তলে ছড়িয়ে পড়তে পারেনি। দমকলের বেশ কিছু ক্ষণের চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনা গিয়েছে। তবে আগুনে নীচের তলার ২ হাজার বর্গ ফুটের স্টুডিয়োর ক্ষতি হয়েছে।

এইচ৩এন২ ভাইরাসে প্রথম মৃত্যু হল দেশে

বেঙ্গালুরু, ১০ মার্চ: এইচ৩এন২ ভাইরাসে আক্রান্ত হয়ে দেশের মধ্যে প্রথম মৃত্যু হল দুই রাজ্যে। শুক্রবার কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের এক সূত্রে এমনই দাবি করেছে। ওই সূত্রের দাবি, মৃতদের মধ্যে এক জন হরিয়ানার বাসিন্দা, অন্য জন কর্নাটকের।

দেশে এখনও পর্যন্ত এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৯০ জন। এ ছাড়াও এইচ১এন১ ভাইরাসে ৮ জন আক্রান্ত হয়েছেন বলে ওই সূত্র জানিয়েছে। গত কয়েক মাস ধরে দেশে জ্বরে আক্রান্তের ঘটনা বেড়েছে। তাঁদের মধ্যে বেশির ভাগই এইচ৩এন২ ভাইরাসে আক্রান্ত হয়েছেন বলে দাবি করা হয়েছে।

দেশে এখনও পর্যন্ত এইচ৩এন২ এবং এইচ১এন১ ভাইরাসই পাওয়া গিয়েছে। স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, এই দু'টি ভাইরাসেরই উপসর্গ অনেকটা কোভিডের মতো। কাশি, জ্বর, শ্বাসকষ্টের মতো সমস্যা হয় এই ভাইরাসে আক্রান্ত হলে। তা ছাড়া গলা, শরীর ব্যথা, ডায়েরিয়ার মতোও উপসর্গ দেখা দিচ্ছে বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা।

সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) জানিয়েছে, এইচ৩এন২ ভাইরাস হল 'ইনফ্লুয়েঞ্জা এ' ভাইরাসের উপরূপ। এই ভাইরাস খুব ছোঁয়াচে। কফ, হাঁচি এবং আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এলে এই ভাইরাসে সংক্রমিত হওয়ার সম্ভাবনা প্রবল। চিকিৎসকরা তাই কোভিডের মতোই সতর্কতামূলক পদক্ষেপ করতে পরামর্শ দিচ্ছেন সাধারণ মানুষকে।

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিসনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার/(জেনারেল), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রিমোট কন্ট্রোল বিল্ডিং, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। **ক্র.নং ১, টেন্ডার নং :** ইএলইজি-ওটি-৯৯০-২০২২-২৩, তারিখ ০৩.০৩.২০২৩। **কাজের বিবরণ :** শিয়ালদহ ডিভিসনের বিভিন্ন সাব-স্টেশনে ওসিবি-র পরিবর্তে ভিসিবি ও এসিবি সুবিধাযুক্ত পাওয়ার সাপ্লাই ইনস্টলেশনের বৃদ্ধি। **ক্র.নং ২, টেন্ডার নং :** ইএলইজি-ওটি-৯৯২-২০২২-২৩, তারিখ ০৩.০৩.২০২৩। **কাজের বিবরণ :** এয়ার কন্ডিশন্ড একজিকিউটিভ লাউঞ্জ, ১ম শ্রেণী ওয়েটিং হল, গার্ড ও ড্রাইভারের রানিং রুম ইত্যাদির সংযুক্ত লোড বৃদ্ধির জন্য শিয়ালদহ স্টেশনে পাওয়ার সাপ্লাই ও ডিস্ট্রিবিউশন সিস্টেমের উন্নয়ন। **টেন্ডার মূল্য :** ১,৪১,১০,০০৫.৭৬ (ক্র.নং ১-এর জন্য) ও ৯৪,৪৮,৬৪১.১৪ (ক্র.নং ২-এর জন্য)। **বায়নামূল্য:** ২,২০,৬০০ (ক্র.নং ১-এর জন্য) ও ১,৮৯,০০০ (ক্র.নং ২-এর জন্য)। **টেন্ডার নথিপত্রের মূল্য :** শূন্য প্রতিটির জন্য। **কাজ শেষের সময়সীমা :** ১২ মাস (ক্র.নং ১-এর জন্য) ও ৬ মাস (ক্র.নং ২-এর জন্য)। **টেন্ডার জমা শুরুর তারিখ:** ১৭.০৩.২০২৩ প্রতিটির জন্য। **টেন্ডার জমার শেষ তারিখ:** ৩১.০৩.২০২৩ তারিখ দুপুর ২টো প্রতিটির জন্য। **টেন্ডার বিড খোলার তারিখ:** ৩১.০৩.২০২৩ তারিখ দুপুর ২টো প্রতিটির জন্য। টেন্ডার বিজ্ঞপ্তির বিশদ বিবরণ এবং সময়ে সময়ে ইস্যু করা সংশোধনী **www.ireps. gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

(SDAH-317/2022-23)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

E-Tender Notice

Tender No. WB/NAD/ CHAP/ MAH/ NIT-20/2022-23 of PBG Fund Dt. 10-03-2023, 2 (Two) Numbers Black Top 6 (Six) Numbers Cement Concrete Road at different place under Mahatpur Gram Panchayat. Total Amount **Rs. 1204888.00.** Last date of document downloading and bid sub. **20-03-2023 upto 6.00 pm.** (Other details collect from this office and website **https://wbtenders.gov.in**

Sd/- Prodhan
Mahatpur Gram Panchayat

পূর্ব রেলওয়ে

বিড নং ঃ **জিইএম/২০২৩/বি/ ৩২২৯২৮১, তারিখঃ** ০৬.০৩.২০২৩। ডেপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে ওয়ার্কশপ, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগণা, পিন-৭৪৩১৪৫ নিম্নলিখিত কাজের জন্য ওপেন জিইএম সার্ভিস টেন্ডার আহ্বান করছেনঃ **কাজের নামঃ** ৩ বছর সময়সীমার জন্য ক্যারেজ ওয়ার্কশপে হাইড্রলিক হুইল প্রেস মেশিন, ৫০০ টি, ডিইপিটি ২০-৪৭৪, মেকঃ বিবিএম, ইটালি-র সামগ্রিক বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি (সিএএমসি)। টেন্ডারের অনুমিত মূল্যঃ ৪৮,৬৪,৪২৫ টাকা। **ইএমডি ঃ** বিড অনুমিত মূল্যের ২% অর্থাৎ ৯৭,২৯০ টাকা, **ই-পিবিজিঃ** পি.ও মূল্যের ৩%। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ৩ বছর। **বিড বন্ধের তারিখঃ** ২১.০৩.২০২৩। জিইএম সার্ভিস বিড নথিপত্র জিইএম সাইট (গভর্নমেন্ট ই মার্কেট প্লেস) অর্থাৎ জিইএম পোর্টাল **https://gem.gov.in** -তে পাওয়া যাবে এবং অনলাইনে বেট কেট করতে হবে এবং জিইএম পোর্টাল অর্থাৎ **https://gem.gov.in**-এর মাধ্যমে অনলাইনে জমা করতে হবে। MISC-352/2022-23

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

The West Bengal Pulpwood Development Corpn. Ltd.
(WBPDCL), KB-19, Sector-III, Salt Lake, Kolkata – 700106.

CORRIGENDUM FOR DATE EXTENSION

The undersigned invites corrigendum as follows:-

NIT No.	Tender ID	Last date of Bid Submission
06/WBPDCL/22-23	2023_FDCL_478031_3	21.03.2023
	2023_FDCL_478031_4	

Details of NITs can be seen at **www.wbtenders.gov.in** and **www.wbfdc.com**

Sd/-
Ex-Officio Divisional Manager
WBPDCL

রেলে অবৈধ নিয়োগ মামলায় তেজস্বীর বাড়িতে ইডির হানা

নয়াদিল্লি, ১০ মার্চ: চলতি সপ্তাহেই জমির বিনিময়ে চাকরি মামলায় লালু এবং তাঁর স্ত্রী রাবড়ী দেবীর বাড়িতে ও ঘনিষ্ঠদের একাধিক ঠিকানায় তল্লাশিও চালিয়েছিল সিবিআই। এ বার আর এক কেন্দ্রীয় সংস্থা ইডি 'নিশানা' করল লালু-রাবড়ীর পুত্র তেজস্বীকে। 'জমির বিনিময়ে চাকরি' মামলায় আরজেডি নেতা তথা বিহারের উপমুখ্যমন্ত্রী তেজস্বী যাদবের দিল্লির বাড়ি-সহ ১৫টি ঠিকানায় তল্লাশি অভিযান চালাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। 'জমির বিনিময়ে চাকরি' মামলায় আরজেডি প্রধান লালুপ্রসাদ, তাঁর স্ত্রী তথা বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী রাবড়ী দেবী-সহ মোট ১৬ জন অভিযুক্তের বিরুদ্ধে গত ২৭ ফেব্রুয়ারি সমন জারি করেছিল দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। সিবিআইয়ের পেশ করা চার্জশিটের ভিত্তিতে আগামী ১৫ মার্চের মধ্যে লালুদের জবাব তলব করা হয় ওই সমনে। তার পরেই নতুন করে 'সক্রিয়তা' শুরু করেছে সিবিআই এবং ইডি। অসুস্থ লালু এবং তাঁর কন্যা মিসাকে গত মঙ্গলবার এই মামলায় সিবিআই টানা ৫ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করেছিল। সোমবার পটনায় জিজ্ঞাসাবাদ করা হয়েছিল রাবড়ীকে। রবিবারই সিবিআই এবং ইডির মতো সংস্থাকে অপব্যবহার করার অভিযোগ তুলে মোদিকে চিঠি দেন রাবড়ী-পুত্র তেজস্বী-সহ ৯ জন বিরোধী নেতানেত্রী। ঘটনাচক্রে তার পরই রাবড়ীর বাড়িতে হানা দেয় সিবিআই।

বিএসএফে অগ্নিবীরদের জন্য ১০ শতাংশ সংরক্ষণ

নয়াদিল্লি, ১০ মার্চ: এবার থেকে বিএসএফে নিয়োগের ক্ষেত্রে ১০ শতাংশ সংরক্ষণ পাবেন প্রাক্তন অগ্নিবীররা। অগ্নিবীরদের ভবিষ্যৎ সুরক্ষিত করতে নয়া পদক্ষেপ করল কেন্দ্র।

শুক্রবার স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, এবার থেকে বিএসএফের চাকরিতে প্রাক্তন অগ্নিবীরদের ১০ শতাংশ সংরক্ষণ দেওয়া হবে। শুধু তাই নয়, প্রথম ব্যাচের অগ্নিবীরদের জন্য বিএসএফে নিয়োগের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমাও শিথিল করা হবে। আরও তাৎপর্যপূর্ণভাবে যেসব অগ্নিবীররা বিএসএফের নিয়োগে সংরক্ষণের আওতায় আসবেন তাদের শারীরিক সক্ষমতার পরীক্ষাও দিতে হবে।

উল্লেখ্য, সেনাবাহিনীর লোকবল অক্ষুন্ন রেখে আধুনিকীকরণের স্বার্থে অগ্নিপথ প্রকল্প ঘোষণা করেছিল কেন্দ্র। এর মাধ্যমে সেনায় অস্থায়ীভাবে ৪ বছরের জন্য কর্মী নিয়োগ হচ্ছে। যাদের পোশাকি নাম 'অগ্নিবীর'। চার বছরের মেয়াদ শেষে ১০ শতাংশ অগ্নিবীরকে স্থায়ী কমিশন দেওয়া হবে বলে সেসময় ঘোষণা করে কেন্দ্র। বাকি ৯০ শতাংশ অগ্নিবীরের ভবিষ্যৎ অনিশ্চিত ছিল। কেন্দ্রের নয়া ঘোষণায় আরও কিছু অগ্নিবীরের ভবিষ্যৎ সুরক্ষিত হল।

সেনায় চার বছর কাজ করার পর অগ্নিবীরদের ভবিষ্যৎ কী হবে? প্রকল্প ঘোষণার পর থেকেই কেন্দ্রকে এই প্রশ্নে বিদ্ধ করছিল বিরোধীরা। বস্তুত মাত্র ৪ বছরের জন্য অগ্নিবীর নিয়োগের সিদ্ধান্তে রীতিমতো রাস্তায় নেমে বিক্ষোভ দেখায় সেনায় চাকরিপ্রার্থীরা। উত্তরপ্রদেশ, বিহার, উত্তরাখণ্ড, হিমাচলপ্রদেশ, এমনকী বাংলারও একটা বড় অংশে বিক্ষোভ দেখিয়েছিলেন সেনায় চাকরিপ্রার্থীরা। বস্তুত, সেনাতে 'পার্ট-টাইম' নিয়োগ নিয়ে ক্ষোভের বহিঃপ্রকাশ হয়েছে সদ্যসমাপ্ত হিমাচলপ্রদেশ বিধানসভা নির্বাচনেও। সেই ক্ষোভ প্রশমনেই সম্ভবত কেন্দ্রের তরফে এমন সিদ্ধান্ত ঘোষণা করা হল।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিভাজন চলবে না

নিউ ইয়র্ক, ১০ মার্চ: সন্ত্রাসের কোনও ভাগ হয় না। উদ্দেশ্য যাই হোক না কেন, যেকোনও ধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপেরই তীব্র নিন্দা করতে হবে- এমনই বার্তা দিলেন রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি রুচিরা কম্বোজ। কোনওমতেই সন্ত্রাসের পক্ষে যুক্তি দেওয়া উচিত নয় বলেই সওয়াল করেন ভারতের প্রতিনিধি। সন্ত্রাসবাদ রুখতে আন্তর্জাতিক ক্ষেত্রে কী কী পদক্ষেপ করা যেতে পারে, সেই সংক্রান্ত একটি সম্মেলনেই এই কথা বলেন কম্বোজ। তিনি বলেন, 'জঙ্গি কার্যকলাপের কারণ খতিয়ে দেখে সন্ত্রাসবাদীদের শ্রেণিবিভাগ করা ঠিক নয়। দক্ষিণপন্থী বা বামপন্থী হিংসা-এই ধরনের শব্দ ব্যবহার করে আসলে কিছু শ্রেণির মানুষের স্বার্থসিদ্ধি হয়।' রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি আরও বলেছেন, 'সন্ত্রাসবাদীদের মধ্যে আমরা-ওরা বিভাজন করতে গেলে আমরা আরও ২০ বছর পিছিয়ে যাব। তাই সন্ত্রাসবাদী হামলার বিভাজন করার সময়ে আমাদের যথেষ্ট সতর্ক থাকা দরকার। কারণ এই বিভাজনের জেরে ক্ষতিগ্রস্ত হবে গণতন্ত্রের আদর্শই।' এই বক্তৃতায় নাম না করে পাকিস্তানকেও বিঁধেছেন কম্বোজ। সম্মেলনে তিনি বলেন, বেশ কিছু দেশ জঙ্গিদের আশ্রয় দেয়। তাদের চিহ্নিত করে সেই দেশগুলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার। সেই সঙ্গে বলেছেন, হিন্দুবিদ্বেষী হোক বা ইসলাম বিদ্বেষী- ভারত সব ধরনের হামলার নিন্দা করে। সন্ত্রাসের বিরুদ্ধে একজোট হয়ে লড়তে হবে সকলকেই।

তৃতীয়বার চিনের প্রেসিডেন্ট পদে নির্বাচিত শি জিনপিং

বেজিং, ১০ মার্চ: প্রেসিডেন্ট হিসাবে ইতিহাস গড়লেন শি জিনপিং। তিনবার চিনের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন তিনি। শুক্রবার চিনা পার্লামেন্টে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হন জিনপিং। লাল ফৌজের শীর্ষ পদেও আসীন হলেন হলেন চিনা প্রেসিডেন্ট। এর ফলে চিনে একনায়কতন্ত্র চালু হতে চলেছে বলেই অনুমান ওয়াকিবহাল মহলের। জানা গিয়েছে, চিনা পার্লামেন্টের প্রায় ৩ হাজার সদস্যের সহমতেই প্রেসিডেন্ট পদে নির্বাচিত হন জিনপিং। এই নিয়ে তৃতীয়বারের জন্য দেশের শীর্ষ পদে বসতে চলেছেন তিনি। দেশের ভাইস প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন ঝাও লেজি। পার্লামেন্টের প্রধান পদে বসতে চলেছেন হান ঝেং। গত বছর অক্টোবর মাসেই চিনের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক হয়েছিলেন জিনপিং। চিনা কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা মাও জে দং-এর পরে একমাত্র জিনপিং এই কৃতিত্বের অধিকারী হয়েছেন। যদিও দলের নিয়মে একাধিক বদল এনেছেন তিনি। টানা দশ বছর দলের সাধারণ সম্পাদক থাকার পরে অব্যাহতি দেওয়ার নিয়ম ছিল। কিন্তু সেই আইনকে বুড়ো আঙুল দেখিয়ে দলের শীর্ষ পদে নিজের জায়গা কায়েম করেছেন জিনপিং। একই কৌশলে দেশের প্রেসিডেন্ট পদকেও কার্যত কুক্ষিগত করে ফেলেছেন তিনি। কোভিড ঠেকাতে কঠোর লকডাউন থেকে শুরু করে বিদেশি টিকায় অনীহা- একাধিক ক্ষেত্রে দেশের মানুষের তুমুল সমালোচনার মুখে পড়েছেন জিনপিং। তা সত্ত্বেও দেশের পার্লামেন্টে নিরঙ্কুশ জয় পেয়েছেন তিনি। দেশের পাশাপাশি চিনা সেনাবাহিনীরও প্রধান পদে নির্বাচিত হয়েছেন জিনপিং। নয়া প্রধানের নেতৃত্বে ভারতের সঙ্গে সীমান্তে কী অবস্থান নেয় লাল ফৌজ, নজর থাকবে সেদিকেও।

West Bengal Forest Development Corporation Limited
Aranya Bikash, KB-19, Sector-III, Salt Lake, Kolkata – 700106.

Corrigendum for Date Extension

Corrigendum has been added for the following EOI :-

EOI No.	Tender ID No.	Division	Bid Submission End Date
97/18-24/P-II/22-23	2023_FDCL_477986_1	The DM, Kolkata Forest Corporation Division	17.03.2023

Details can be seen at **www.wbtenders.gov.in** and **www.wbfdc.com**

Sd/-
DM, KFCD, WBFDCL

Durgapur Municipal Corporation
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman

Notice Inviting e-Tender

1) Name of the Work: Repairing of existing Street Light Pole through Painting, Waterproof Box Change, Muffing, Earthing, LT UG faulty cable change & erection new Steel Tubular Pole at Sadhu Ramchand Murmu Sarani (ADDA Guest House to Hemsheela School), under Ward No.- 22, DMC.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-50/22-23
Tender ID : 2023_MAD_490079_1 • Estimated Amount : Rs. 2,30,917/-

2) Name of the Work: Repairing of existing Street Light Pole through Painting, Waterproof Box Change, Muffing, Earthing, LT UG faulty cable change, dismantling of damage Steel Tubular Pole & erection new Steel Tubular Pole at Khudiram Saranl (Gandhi More Recol Park to Mamra Shiv Mandir via DVC More), under Ward No.- 22, DMC.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-51/22-23
Tender ID : 2023_MAD_490140_1 • Estimated Amount : Rs. 4,94,365/-

3) Name of the Work: Replacement of faulty LT armoured cable at the 14 MGD, WTP Angadpur, under DMC.
Tender No. : WBDMC/COMM/WS/NIT-134/22-23 (2nd Call)
Tender ID : 2023_MAD_490921_1 • Estimated Amount : Rs. 3,96,025/-

Last Date : 18th March 2023, up to 05:00 P.M
For details : **wbtenders.gov.in**

Sd/- Executive Engineer
Durgapur Municipal Corporation

TENDER
NIT-31 OF 2022-2023 [4TH CALL]

Purba Medinipur Zilla Parishad, Ganapatinagar (Nimtouri), P.O.-Uttar Sonamui invites two folder system e-tenders from eligible & bonafide contractors for Zilla Parishad works for NIT No.-31 of 2022-2023[4th Call] in the website www.purbamedinipur.org/ ZPPage-New.htm

Date : 09.03.2023 Sd/- A.E.O, PMZP

অন্নপূর্ণা স্বাদিষ্ট লিমিটেড
CIN : L15133WB2022PLC251553
রেজিঃ অফিস: চ্যাটার্জি ইন্টারন্যাশনাল বিল্ডিং, ১৪তম তল, ইউনিট নং এ০১ এবং এও২, ৩৩এ, জওহরলাল নেহরু রোড, কলকাতা ৭০০০৭১, ফোন: ০৩৩-৪৬০৩ ২৮০৫
info@annapurnasnacks.in; https://www.annapurnasnacks.in/

পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তি

অন্নপূর্ণা স্বাদিষ্ট লিমিটেডের সদস্যদের ('কোম্পানি') এতদ্বারা জানানো যাচ্ছে যে কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪ এর রুলস ২০ এবং ২২ -এর সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (' দ্য অ্যাক্ট') এর সেকশন ১১০ এবং অন্যান্য প্রযোজ্য বিধান যদি থাকে এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক ('এমসিএ'), ভারত সরকার দ্বারা জারি করা জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ তারিখ- ৮ এপ্রিল, ২০২০, ১৭/২০২০ তারিখ- ১৩ এপ্রিল, ২০২০, ২২/২০২০ তারিখ- ১৫ জুন, ২০২০, ৩৩/২০২০ তারিখ- ২৮ সেপ্টেম্বর, ২০২০, ৩৯/২০২০ তারিখ- ৩১ ডিসেম্বর, ১০/২০২১ তারিখ- ২৩ জুন, ২০২১ এবং ২০/২০২১ তারিখ- ৮ ডিসেম্বর, ২০২১, ৩/২০২২ তারিখ- ৫ মে, ২০২২ এবং ১১/২০২২, তারিখ-২৮ ডিসেম্বর ২০২২, ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া দ্বারা ইস্যু করা সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিং ('এসএস-২') এবং অন্য যেকোন প্রযোজ্য আইন (আপাতত বলবৎ যেকোনো সংবিধিবদ্ধ পরিবর্তন বা এর পুনঃপ্রণয়ন সহ) অনুসারে, কোম্পানি ব্যাখ্যামূলক বিবৃতি ('নোটিস') সহ ২১ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখের পোস্টাল ব্যালট নোটিসে নির্ধারিত সাধারণ রেজোলিউশনের মাধ্যমে বিশেষ ব্যবসার জন্য শুধুমাত্র ইলেকট্রনিক মাধ্যমে (অর্থাৎ রিমোট ই-ভোটিং) সদস্যদের অনুমোদন চায়।

পোস্টাল ব্যালট নোটিসের ('নোটিস') ইলেকট্রনিক কপিগুলি ব্যাখ্যামূলক বিবৃতি সহ শুক্রবার, ১০ মার্চ, ২০২৩ তারিখে সেই সমস্ত সদস্যদের কাছে প্রেরণ করা হয়েছে যাদের নাম ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ('এনএসডিএল') এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড ('সিডিএসএল') থেকে প্রাপ্ত সদস্যদের রেজিস্টার/ বেনিফিসিয়াল ওনারদের তালিকায় উপস্থিত রয়েছে শুক্রবার, ২৪ ফেব্রুয়ারী, ২০২৩ (কাট অফ ডেট) অনুযায়ী এবং যারা কোম্পানি / ডিপোজিটরিতে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেছেন। এমসিএ সার্কুলারে প্রদত্ত ছাড়ের সাথে সামঞ্জস্য রেখে পোস্টাল ব্যালট ফর্ম এবং প্রি-পেইড ব্যবসার উত্তর খামের সাথে পোস্টাল ব্যালট নোটিশের প্রকৃত কপি এই পোস্টাল ব্যালটের জন্য সদস্যদের কাছে পাঠানো হচ্ছে না। পোস্টাল ব্যালট নোটিশে উল্লেখিত নথিগুলি পরিদর্শনের জন্য উপলব্ধ এবং পরিদর্শনের জন্য সদস্যরা একটি ইমেল পাঠাতে পারেন cs@annapurnasnacks.in -তে। বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ https://www.annapurnasnacks.in/ এবং স্টক এক্সচেঞ্জের অর্থাৎ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের https://www.nseindia.com/ এবং এনএসডিএল এর www.evoting.nsdl.com -এ পাওয়া যাবে।

এমসিএ সার্কুলারগুলির আলোকে, যে সদস্যরা তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি এবং পোস্টাল ব্যালট নোটিস পাননি তারা সাময়িকভাবে কোম্পানির আরটিএ মেসার্স স্কাইলাইন ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এর লিঙ্ক www.skylinerta.com -এ ক্লিক করে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধিত করতে পারেন। ই-মেইলের সফল নিবন্ধনের পরে সদস্যগণ এই পোস্টাল ব্যালটের জন্য ই-ভোটিং সক্ষম করতে ইউজার আইডি এবং পাসওয়ার্ড সহ নোটিসের সফ্ট কপি এবং ই-ভোটিং পদ্ধতি পাবেন। কোনো প্রশ্নের ক্ষেত্রে সদস্যগণ admin@skylinerta.com -এ লিখতে পারেন।

কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) দ্বারা প্রদত্ত ই-ভোটিং পরিষেবার মাধ্যমে ইলেকট্রনিক মাধ্যমে সদস্যদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার সুবিধা প্রদান করেছে। ই-ভোটিংয়ের বিস্তারিত নির্দেশাবলী বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে।

রিমোট ই-ভোটিং সুবিধা নিম্নলিখিত সময়ের মধ্যে উপলব্ধ :

ই-ভোটিং শুরু	**১২ মার্চ, ২০২৩ রবিবার সকাল ৯.০০টা (আইএসটি)**
ই-ভোটিং এর সমাপ্তি	**১০ এপ্রিল, ২০২৩ সোমবার বিকাল ৫.০০টা (আইএসটি)**

এনএসডিএল দ্বারা রিমোট ই-ভোটিং মডিউলটি এর পরে ভোট দেওয়ার জন্য নিষ্ক্রিয় করা হবে।
এই সময়ের মধ্যে শুক্রবার ২৪ ফেব্রুয়ারী, ২০২৩ ('কাট-অফ তারিখ') পর্যন্ত ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে শেয়ার ধারণকারী সদস্যরা তাদের ভোট ই-ভোটিং দ্বারা দিতে পারেন। একটি রেজোলিউশনের উপর সদস্য দ্বারা একবার ভোট দেওয়া হয়ে গেলে, তিনি পরবর্তীতে এটি পরিবর্তন করতে পারবেন না। সদস্যদের ভোটের অধিকার কাট-অফ তারিখ অর্থাৎ শুক্রবার, ২৪ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখে কোম্পানির পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধনের তাদের অংশের অনুপাতে হবে। একজন ব্যক্তি যিনি কাট অফ তারিখ সময়ের মধ্যে সদস্য নন তাঁর শুধুমাত্র তথ্য উদ্দেশ্যে এই বিজ্ঞপ্তি ব্যবহার করা উচিত।

কোম্পানির পরিচালনা পর্ষদ জনাব মহঃ শাহনওয়াজ (সদস্য সংখ্যা এসিএস: ২১৪২৭; সিপি নং-১৫০৭৬) মেসার্স শাহনওয়াজ অ্যান্ড অ্যাসোসিয়েটস এর স্বত্বাধিকারী প্রাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে স্ক্রুটিনাইজার হিসাবে নিযুক্ত করেছে পোস্টাল ব্যালট প্রক্রিয়া সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরিচালনার জন্য ।

স্ক্রুটিনাইজার তাঁর রিপোর্ট কোম্পানির চেয়ারম্যান বা কোনো অনুমোদিত ব্